

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
অডিট-৩ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং-৪৬.০০.০০০০.০৫০.০০.০০৩.১৬-৫১

তারিখ : ০৭.০৩.২০১৭খ্রিঃ

বিষয়ঃ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন নির্বাহী প্রকৌশলী, দিনাজপুর, লালমনিরহাট, ফরিদপুর, ও প্রধান প্রকৌশলী ডিপিএইচই, ঢাকা কার্যালয়ের ২০১৪-২০১৫ আর্থিক সালের হিসাব নিরীক্ষায় পরিলক্ষিত গুরুতর আর্থিক অনিয়ম সংক্রান্ত।

সূত্র : আধা-সরকারী পত্র নম্বরঃ ডিজি/পূর্ত অডিট/রি-৭/আধা-সরকারী পত্র/৩৬১(১)/১৭১৭ তারিখঃ ০১.০৩.২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসূচ্য স্মারকে প্রেরিত আধা-সরকারী পত্রের ছায়ািলিপি এতদসংগে প্রেরণ করা হলো। সূত্রসূচ্য ডি, ও পত্রে উল্লেখিত ২৩টি অডিট আপত্তিকে গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে বিবেচনাপূর্বক অগ্রিম অনুচ্ছেদ আকারে নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তিমূলক অডিট আপত্তির ব্রডশীট জবাব প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছে। জবাব পাওয়া না গেলে পূর্ত অডিট অধিদপ্তর পরবর্তী পদক্ষেপ হিসেবে “গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১২৮ অনুচ্ছেদ অনুযায়ী অডিট আপত্তিগুলো বাংলাদেশের কম্পিউটার এন্ড অডিটর জেনারেলের অডিট রিপোর্টে অন্তর্ভুক্তির ব্যবস্থা গৃহীত হবে এবং সংবিধানের ১৩২ অনুচ্ছেদ অনুযায়ী অডিট রিপোর্ট মহামান্য রাষ্ট্রপতির মাধ্যমে জাতীয় সংসদে উপস্থাপন করা হবে।

০২। বর্ণিত অবস্থায়, অডিট অধিদপ্তর হতে প্রাপ্ত আধা-সরকারী পত্রের ছায়ািলিপি এ সাথে প্রেরণপূর্বক অডিটের মন্তব্য মোতাবেক নির্বাহী প্রকৌশলী, দিনাজপুর, লালমনিরহাট, ফরিদপুর, ও প্রধান প্রকৌশলী ডিপিএইচই, ঢাকা কার্যালয়ের ২(দুই) প্রস্থ নিষ্পত্তিমূলক ব্রডশীট জবাব আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। সেই সাথে যথাসময়ে জবাব পাওয়া না গেলে অডিট আপত্তির বিষয়ে দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : ০৪ পাতা।

(স্বাক্ষর)  
মোঃ আব্দুল ওয়াহাব রাশেদ  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৭৭২৩১  
mawrashed1@gmail.com

প্রধান প্রকৌশলী  
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর  
কাকরাইল, ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ০১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
- ০২। যুগ্ম-সচিব(অডিট/পাস), স্থানীয় সরকার বিভাগ।
- ০৩। মহাপরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দিনাজপুর, লালমনিরহাট, ফরিদপুর জেলা।
- ০৬। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৭। মাস্টার কপি/অফিস কপি।